তারিখ 23 JUN 2003

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে ইউজিসির তদন্ত শেষ

**ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি**

ইসলামী বিশ্ববিদ্যালয়ের আর্থিক, প্রশাসনিক ও একাডেমিক অনিয়ম-দুর্নীতির বিভিন্ন অভিযোগ তদন্তের জন্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) গঠিত তদন্ত কমিটির প্রতিনিধিরা শনিবার তদন্ত কাজ শেষ করেছেন। শনিবার প্রতিনিধিদল বিশ্ববিদ্যালয়ের ভিসি, ট্রেজারার, রেজিস্ট্রারসহ বিভিন্ন জনের বক্তব্য নিয়েছেন। বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) গঠিত তদন্ত কমিটির প্রতিনিধিরা বুধবার রাতে ক্যাম্পাসে আসেন। গত তিনদিনে তারা সকাল থেকে রাত পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনের একটি কক্ষে বিশ্ববিদ্যালয়ের ভিসি থেকে শুরু করে বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ক্যাম্পাসে কর্মরত সাংবাদিকদের বক্তব্য গ্রহণ করেন। এ সময় প্রতিনিধিদল অন্তত ৫০ থেকে ৬০ জন ব্যক্তির বক্তব্য নিয়েছেন বলে তদন্ত কমিটি সূত্রে জানা গেছে। কমিটি সূত্র আরো জানায়, ক্যাম্পাসে যে সব ব্যক্তির বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির অভিযোগ রয়েছে কমিটি সে সব ব্যক্তিরও বক্তব্য নিয়েছেন। এছাড়া আর্থিক ও নিয়োগ সম্পর্কে যে সব অভিযোগ রয়েছে সেগুলোও কমিটি খতিয়ে দেখেছে বলে কমিটির পক্ষ থেকে জানানো হয়।